



বাংলা একাডেমি
ঢাকা

অমর একুশে বইমেলা ২০২৩

লিটল ম্যাগাজিন চতুরে স্টলের জন্য নীতিমালা

১. স্টল বরাদ্দের জন্য লিটল ম্যাগাজিনের ন্যূনতম ০৩ (তিন) টি সংখ্যা প্রকাশিত হতে হবে। তবে ২০২২ সালে যাদের অন্তত ০১ (এক) টি সংখ্যা প্রকাশিত হয়েছে তারা বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।
২. বরাদ্দপ্রাপ্ত স্টলের জন্য ৫০০ (পাঁচশত) টাকা 'বাংলা একাডেমি, ঢাকা' খাতে জমা দিতে হবে।
৩. স্টলে লিটল ম্যাগাজিনের নাম ব্যতীত অন্য পোস্টার বা বিজ্ঞাপন লাগানো যাবে না।
৪. স্টল বন্ধ রাখা যাবে না। একটানা তিনদিন স্টল বন্ধ রাখলে বরাদ্দ বাতিল হতে পারে।
৫. স্টল থেকে লিটল ম্যাগাজিন ব্যতীত কেবল লিটল ম্যাগাজিন কেন্দ্রিক লেখকদের প্রকাশিত গ্রন্থ বিক্রি করা যাবে।
৬. স্টল পরিচালনা বিষয়ে বাংলা একাডেমির অমর একুশে বইমেলা নীতিমালা ২০২৩ অনুসরণ করতে হবে।
৭. ১২.০১.২০২৩-১৭.০১.২০২৩ তারিখের মধ্যে অফিস সময়ে ফরম সংগ্রহ করতে হবে। এই সময়ের মধ্যেই ফরম জমা দিতে হবে। ২৩.০১.২০২৩ তারিখে বিকাল ৩:০০ টায় বাছাইকৃত আবেদনকারীর নাম একাডেমির নোটিশ বোর্ডে লাগানো হবে। ২৫.০১.২০২৩ তারিখ বিকেল ৩:০০টার মধ্যে বাছাইকৃত আবেদনকারীকে 'বাংলা একাডেমি'-র নামে ৫০০.০০ টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে। ২৯.০১.২০২৩ তারিখ দুপুর ১২টায় একাডেমির কবি জসীমউদ্দীন ভবনের দ্বিতীয় তলায় ২০৬ নং কক্ষে স্টল বরাদ্দের লটারি অনুষ্ঠিত হবে। বরাদ্দপ্রাপ্ত লিটল ম্যাগাজিনের সম্পাদক/ প্রতিনিধি এতে উপস্থিত থাকতে পারবেন।
৮. আবেদনপত্রের সঙ্গে লিটল ম্যাগাজিনের ০৩ (তিন) কপি (ফেরতযোগ্য) জমা দিতে হবে। এই কপিগুলো অবশ্যই ০৮.০২.২০২৩ তারিখে সংশ্লিষ্ট দফতর থেকে ফেরত নিতে হবে।
৯. কবি জসীমউদ্দীন ভবনের দ্বিতীয় তলায় ২০৬ নং কক্ষে ফরম পাওয়া যাবে। যোগাযোগ : মোহাম্মদ জিয়াউল হক, প্রধান সহকারী, সংকলন উপবিভাগ, বাংলা একাডেমি, ঢাকা, মোবাইল : ০১৯১৩৪৭১৩২৫। বরাদ্দপ্রাপ্ত লিটল ম্যাগাজিনের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারও এই কক্ষে জমা দিতে হবে।